# সাবাস মালয়েশিয়া

আজম মাহমুদ

*[ দ্রুত অগ্রসরমান এশিয়ার কমপিউটারায়নে মালয়েশিয়া ও সিঙ্গাপুরের নেতৃত্ব গ্রহণের উচ্চাভিলাষী সদিচ্ছা এবং কুয়ালালমপুর ও সিঙ্গাপুর এশিয়ার কমপিউটার রাজধানীদের অন্যতম হয়ে ওঠার প্রেক্ষাপটে মাসিক কমপিউটার জগৎ-এর লেখক সম্পাদক আজম মাহমুদ সম্প্রতি সফর করেন এই দুইটি নগরী। তার বাস্তব অভিজ্ঞতার আলোকে রচিত হয়েছে বক্ষমান প্রতিবেদনটি। ]*

কমপিউটারের ওপর আমদানী কর হ্রাসের দীর্ঘ পাঁচ বছরের সংগ্রাম সফল হয়েছে মালয়েশিয়ার কমপিউটার মহলের। ৩০ অক্টোবর মালয়েশিয়ার অর্থমন্ত্রী ডাতুক সেরি আনওয়ার ইব্রাহিম তার ১৯৯৩ সালের বাজেট বক্তৃতায় কমপিউটার ও আনুষাঙ্গিক যন্ত্রাংশ আমদানীর ওপর ৫% আমদানী কর বিলুপ্তির ঘোষণা দিলে সারা মালয়েশিয়ার ইনফরমেশন টেকনোলজী (আইটি) মহলে একটা আনন্দের রোল ওঠে। ইতিপূর্বে এখানে কমপিউটার আমদানীর ওপর ৫% আমদানী কর এবং ১০% বিক্রয় শুল্ক ছিল।

আনোয়ার বলেন, 'কমপিউটার প্রযুক্তির বিশাল ব্যাপ্তী ও ব্যবহারের কারণে এবং ছাত্র, ব্যবসায়ী, সরকারী প্রতিষ্ঠান এবং সাধারণ মানুষের মধ্যে কমপিউটারের ব্যবহার বাড়ানোর প্রয়োজনে এই কর প্রত্যাহারের সিদ্ধান্ত নেওয়া হয়েছে।' কমপিউটার ও তৎসংশ্লিষ্ট অসংখ্য কমপিউটার পণ্যাদির ওপর এই ৫% এবং কমপিউটারের ম্যাগনেটিক টেপ ও ডিস্কেটের ওপর বলবৎ ২০% আমদানী কর প্রত্যাহারের এই সরকারী সিদ্ধান্ত বাস্তবায়িত হয় বাজেট ঘোষণার দিন থেকেই।

মালয়েশিয়ার কমপিউটার শিল্প সমিতির (পাইকোম) চেয়ারম্যান কে. সি. টোহ এই সিদ্ধান্তকে স্বাগত জানিয়ে আশাবাদ ব্যক্ত করেন যে অবশিষ্ট বিদ্যমান ১০% বিক্রয় করও অবিলম্বে প্রত্যাহার করা হবে। টোহ বলেন, 'এর ফলে এই অঞ্চলের আন্তর্জাতিক ইনফরমেশন টেকনোলজীর কেন্দ্রভূমি হয়ে উঠবে মালয়েশিয়া।'

আনোয়ার আরো ঘোষণা করেন যে, কমপিউটার পণ্য ও সেবা রপ্তানির ওপর কোন সেলস ও সার্ভিসেস ট্যাক্স (এসএসটি) থাকবে না।

গত বছর বাজেট-পূর্ব আলোচনায় পাইকোমের কর বিলুপ্তির প্রস্তাব নাকচ করে দেয় অর্থমন্ত্রী। এ বছরে পাইকোম আবার সেগুলি উত্থাপিত করে। আনোয়ার জোর দেন যে ৬০০টি কমপিউটার সংশ্লিষ্ট পণ্যের ওপর এই কর রেয়াতের লক্ষ্য হচ্ছে ব্যবহারকারীদের সুবিধা প্রদান। পরের দিন রাজকীয় শুল্ক ও আবগারী বিভাগ নিশ্চিত করে যে কর বিলুপ্তির এই সুবিধা কমপিউটার সফটওয়্যারের ক্ষেত্রেও প্রযোজ্য হবে।

পাইকোমের মতে 'কমপিউটারকে ক্রয় সাধ্যের মধ্যে এনে এটির প্রয়োগের মাধ্যমে মালয়েশিয়াকে মিশন ক্রিটিক্যালের ক্ষেত্রে আন্তর্জাতিকভাবে এগিয়ে নেওয়ার জাতীয় কমিটমেন্টের পরিস্কার স্বাক্ষর এই পদক্ষেপ।'

পাইকোম তার সদস্য কোম্পানীসমূহ ও আইটি সংশ্লিষ্ট সবাইকে এই সরকারী সহায়তার প্রতিদানে মূল্য হ্রাস করার এবং উন্নত সেবার আবেদন জানায়।

**১৯৯৩ সালে মালয়েশিয়ার কমপিউটার ও সংশ্লিষ্ট যন্ত্রাংশ আমদানীর মোট আর্থিক পরিমাণ হবে বাংলাদেশী টাকায় প্রায় ২১ হাজার কোটি টাকা এবং এই কর বিলুপ্তির ফলে সরকার প্রায় ১০৪ কোটি টাকা রাজস্ব থেকে বঞ্চিত হবে।**

এই প্রসঙ্গে পাইকোম বলে 'আমরা নিশ্চিত যে অদূর ভবিষ্যতে মালয়েশীয় কোম্পানীসমূহে আরো অধিক কমপিউটার ব্যবহারের ফলে যে রাজস্ব সমাগম বৃদ্ধি পাবে তাতে এই সাময়িক রাজস্ব ক্ষতির চেয়ে অনেক বেশী বড় প্রতিদান দেবে আমাদের দেশকে এবং সরকারী কোষাগারকে'। পাইকোম স্থানীয় পর্যায়ের সব প্রতিষ্ঠানকে ও শিল্প প্রতিষ্ঠানকে সৃষ্টিশীলতা ও উৎপাদনশীলতার স্বার্থে কমপিউটারের ব্যবহার বাড়িয়ে পণ্য ও সেবায় গুণগত মান বৃদ্ধির আহ্বান জানায়।

মালয়েশিয়ার শীর্ষস্থানীয় কমপিউটার প্রতিষ্ঠান মেসিনিয়াগার মার্কেটিং ডিরেক্টর ওয়ান ফাইসাল ওয়ান মাহমুদ বলেন, 'আমি খুশি কারণ সরকার যে এই কর বিলুপ্ত করবে তা আমি আশা করিনি। সরকারের সাথে আলোচনায় বসলে যে ফল পাওয়া যায় এটি তারই প্রমাণ।'

কর বিলুপ্তির এই তেজী আমেজে এই অঞ্চলের সর্বশেষ কমপিউটার পণ্যের সর্ববৃহৎ কমপিউটার প্রদর্শনী IT X '92 অনুষ্ঠিত হয় ১৯ থেকে ২২ নভেম্বর পুতরা বিশ্ব বানিজ্য কেন্দ্রে এবং আইটি অ্যাপলিকেশন ও জাতীয় নির্দেশনার ওপর আরেকটি আইটি সপ্তাহ PIC'92 অনুষ্ঠিত হয় ১৬ থেকে ১৮ নভেম্বর। এসব প্রদর্শনীতে দর্শক সমাগম হয় প্রচুর।

কুয়ালালামপুরের কমপিউটার প্রদর্শনী সমূহের সবচেয়ে তাৎপর্যপূর্ণ লক্ষ্যণীয় বিষয়টি হচ্ছে কমপিউটার বিজ্ঞান ও সফটওয়্যারের ওপর চাইনীজ ভাষাভাষী কিশোর তরুণদের আগ্রহ ও আধিক্য। মালয়েশিয়ায় কমপিউটারের দিকে যেভাবে চাইনিজ বংশোদ্ভূতরা ঝুঁকছে তাতে এটা পরিস্কার যে আগামী কয়েক বছরে এরা এই দেশের ইনফরমেশন টেকনোলজীর (আইটি) নেতৃত্ব ও আধিপত্য নিয়ে নেবে।

কুয়ালালামপুরের কমপিউটার সংক্রান্ত আরেকটি চমৎকার দেখার স্থান হচ্ছে আধুনিক কমপিউটার সুপার মার্কেট 'ইমবি প্লাজা'। নগরীর কেন্দ্রস্থলে অবস্থিত এই প্লাজার কয়েক তলা জুড়ে রয়েছে অসংখ্য কমপিউটার দোকান যেগুলিতে যেকোন সর্বশেষ কমপিউটার বই থেকে শুরু করে পিসি এবং কমপিউটার যন্ত্রাংশ ও সফটওয়্যার বেশ প্রতিযোগিতামূলক দামে পাওয়া যায়। দোকানের মালিক কর্মচারীরা এত সহযোগী যে, তাদের কাছে কোন বিশেষ যন্ত্রাংশ না থাকলেও আপনি কিভাবে ও কোথায় তা পেতে পারেন সে ব্যাপারে তারা আপনাকে কার্যকর সহায়তা দেবে বেশ ব্যস্ততার মধ্যেও।

## মালয়েশিয়াতে আইবিএম-এর পাল্টা আঘাত

মালয়েশিয়াতে আইবিএম-এর একমাত্র ডিলার মেসিনিয়াগা অক্টোবরের শেষ সপ্তাহে PS/Valve Point ছাড়ে কম্প্যাক এএসটি এবং ডেলের সাথে প্রতিদ্বন্দ্বিতার লক্ষ্যে।

নতুন মডেলের PS/Value Point প্রসঙ্গে মেসিনিয়াগার ম্যানেজিং ডিরেক্টর ইসমাইল সুলাইমান বলেন, 'আমি দারুণ উৎসাহিত এই নতুন রিলিজের ব্যাপারে কারণ এতদিন পার এই মূল্য দিয়ে প্রতিদ্বন্দ্বীদের সাথে লড়া যাবে।'

মালয়েশিয়াতে ছাড়া সর্বশেষ মডেল দুটি হচ্ছে PS/Value Point 425 SX এবং 433DX। এর মধ্যে 425SX পিসিটি ২৫ মেঃ হাঃ 486SX মাইক্রোপ্রসেসর ৮ মেঃ বাঃ র‍্যাম এবং ১৭০ মেঃ বাঃ হার্ড ডিস্ক পরিসর বিশিষ্ট। 433DX পিসিটি ৩৩ মেঃ হাঃ 486DX মাইক্রোপ্রসেসর, আট মেঃ বাঃ র‍্যাম ও ২১২ মেঃ বাঃ হার্ডডিস্ক পরিসরের।

ইন্টেলের ওভারড্রাইভ প্রযুক্তি দিয়ে উভয় মেশিনই উন্নত করা যাবে। এগুলির মূল্য শুরু প্রায় ৮১ হাজার টাকা থেকে।

সার্ভার বাজারে মেসিনিয়াগা নতুন PS/2 Server 95, PS/2 35/5 হাই পারফরমেন্স ডিস্ক সাবসিস্টেম এবং নোটবুক পিসি থিংক প্যাড মডেল 700 ও 700C ছাড়ে একই সাথে। মালয়েশিয়াতে থিংকপ্যাড 700C রঙীন স্ক্রীনটি নোটবুক পিসির মধ্যে সবচেয়ে বড়।

থিংক প্যাড 700C টি আইবিএম 486SLC ২৫ মেঃ হাঃ প্রসেসর বিশিষ্ট এবং এটিকে ৫০ মেঃ হাঃ সিস্টেমে উন্নীত করা সম্ভব। থিংক প্যাড 700টির স্ক্রিন মনোক্রম এবং অন্যান্য বৈশিষ্ট্য 700C-র অনুরূপ। ৭০০-র খুচরা মূল্য প্রায় এক লক্ষ ৩০ হাজার টাকা এবং 700C-র মূল্য প্রায় এক লক্ষ ৯৫ হাজার টাকা।

## ডিসেম্বরে সিঙ্গাপুরে মাইক্রোকমপিউটার প্রদর্শনী

সিঙ্গাপুরের বিশ্ব বাণিজ্য কেন্দ্রে এশিয়ার সর্ববৃহৎ মাইক্রোকমপিউটার প্রদর্শনী COMTEC অনুষ্ঠিত হবে ১০ থেকে ১৩ ডিসেম্বর।

সাধারণের জন্য উন্মুক্ত এই প্রদর্শনীতে নেটওয়ার্কিং, উইনডোজ, মাল্টিমিডিয়া, ইমেজিং এবং সফটওয়্যারের মত বিশেষ পণ্যের প্যাভেলিয়ন থাকবে। কোন প্রবেশ ফি লাগবে না দর্শনার্থীদের। এই প্রদর্শনীর সবচেয়ে উল্লেখযোগ্য অনুষ্ঠানটি হচ্ছে IT 2000 -এর লক্ষ্যে কমপিউটার কৌশলের উৎপাদনশীল প্রয়োগের ওপর একটি দু'দিন ব্যাপী কনফারেন্স। IT 2000 হচ্ছে আগামী শতাব্দীতে পা রাখার সাথে সাথে সিঙ্গাপুরকে একটা ইন্টেলিজেন্ট বা ধীমান দ্বীপ হিসেবে গড়ে তোলার জাতীয় নীল নকশা।

## পেরিফেরালস্ কনফারেন্স

বিশ্বের সেরা কমপিউটার পেরিফেরাল পণ্য নির্মাতারা দুই সপ্তাহ ধরে সিউল, টোকিও, হংকং এবং তাইপে সফর শেষে ১৭ ডিসেম্বর সিঙ্গাপুরের এক হোটেলে সিঙ্গাপুর চতুর্থ বার্ষিক আমন্ত্রণমূলক কমপিউটার কনফারেন্সে তাদের সর্বশেষ প্রযুক্তি প্রদর্শন করবে স্থানীয় সরকারী ও কোম্পানি নীতি নির্ধারক নির্বাহীদের কাছে।

## সিঙ্গাপুরে আগ্রাসী হচ্ছে আইবিএম

পিসিমূল্য পতনের এই ক্রান্তিকালে সেপ্টেম্বরে আইবিএম সম্পূর্ণ পৃথক একটি পিসি কোম্পানি যুক্তরাষ্ট্রে গঠনের পর অক্টোবরের শেষে আরো তীব্র লড়াইর লক্ষ্যে সিঙ্গাপুরে নতুন সারির পিসি ছাড়ার ঘোষণা দেয়।

আইবিএম সিঙ্গাপুরের মার্কেটিং ম্যানেজার এডওয়ার্ড লিম বলেন নতুন এসব PS/1, PS/2, PS/Value এবং থিংকপ্যাড ডিসেম্বর থেকে পাওয়া যাবে।

তিনি বলেন, Value Systems পণ্যের সুবিধাটি হচ্ছে যারা সাধারণ পিসি অথবা AT কমপ্যাটিবল মেশিন ব্যবহার করে এবং যাদের শক্তিশালী PS/2 সারির প্রয়োজন নেই, এটি তাদের জন্য সঠিক।

সিঙ্গাপুরের অর্ধেক পিসি বাজার এসার, আইপিসি, ডাটামিনি ও আইবিএমসহ পাঁচটি বড় পিসি নির্মাতার দখলে। সিঙ্গাপুরে আইবিএম-এর মোট বিক্রীর ১০% আসে পিসি বিভাগ থেকে।

একটা আইপিসি 486SX 25MHz পিসির দাম এখন সিঙ্গাপুরে প্রায় ২৬০০ সিঙ্গাপুর ডলার (৬৫ হাজার টাকা)। আইবিএম-এর সমমানের একটি পিসির দুই দিনের জন্য উদ্বোধনী মূল্য রাখা হয় ২৭৬৩ সিঙ্গাপুর ডলার (৬৯ হাজার টাকা)।

একজন মার্কিন কমপিউটার শিল্প বিশ্লেষক বলেন যে, অধিকাংশ মার্কিন পিসি নির্মাতারা আরো ১০ থেকে ১৫% মূল্য কমানোর পর যবনিকা টানবে চলতি মূল্য পতনের লড়াইয়ের। এরপর মূল্য কমানোর আর কোন স্থান নেই কারো।

তবে তিনি বলেন যে, কম্প্যাক ও আইবিএম-এর মূল্য অগ্রাসনের মুখে কোণঠাসা কিছু ছোট পিসি নির্মাতা তাদের মূল্য ৫০% পর্যন্ত হ্রাসে বাধ্য হবে মূল্য পতন লড়াইয়ের রেশ অব্যাহত রাখতে।

## অন-লাইন সার্ভিস

সিঙ্গাপুরের বিভিন্ন ব্যবসা এবং কোম্পানির সাথে জড়িত ব্যক্তিদের তথ্যাবলী জানার জন্য পিপল প্রোফাইল ইনফরমেশন (PPI) নামে একটি অন-লাইন কমপিউটার সার্ভিস চালু হয়েছে। ব্যবহারকারীরা এর সাহায্যে নিমিষে এই বাণিজ্যিক ব্যক্তির পূর্ণাঙ্গ তথ্যভাণ্ডারে প্রবেশ করে প্রয়োজনীয় তথ্য সংগ্রহ করতে পারবে। ব্যক্তিটির নাম অথবা তার নাগরিকত্ব ক্রমিক পরিচিতি নম্বর দিয়ে তার সম্পর্কে বিস্তারিত জানা যাবে।

এতদিন এটা জানা যেত কোম্পানি ও বাণিজ্যিক নিবন্ধিকরণ কর্তৃপক্ষের (RCB)-এর কাছে চিঠি লিখে। সাত দিনের মধ্যেই উত্তর পাওয়া যেত কর্তৃপক্ষের কাছ থেকে।

সিঙ্গাপুরের BizNet সার্ভিসের সম্প্রসারিত সেবার আওতায় এই অন-লাইন তথ্যপুঞ্জি PPI যৌথভাবে তৈরী করেRCB, জাতীয় কমপিউটার বোর্ড এবং সিঙ্গাপুর নেটওয়ার্ক সার্ভিসেস।

## কাপিটির নতুন নিয়োগ

সিঙ্গাপুর ভিত্তিক আন্তর্জাতিক সফটওয়্যার কোম্পানি KAPITI Asia মালয়েশিয়ার ব্যাংকিং ও ফাইনান্স বাজারে দৃঢ় পায়ে প্রবেশের লক্ষ্যে ওয়াল্টার ক্রিডকে তাদের আঞ্চলিক ম্যানেজার নিযুক্ত করেছে। আন্তর্জাতিক সফটওয়্যার বাজারে KAPITI এখন বেশ কড়া প্রতিযোগিতার মুখে রয়েছে।

ক্রিড এশিয়া জুড়ে দীর্ঘদিন বেশ কয়েকটি বড় ব্যাংকিং সিস্টেম স্থাপনের সাথে জড়িত ছিলেন।

## আইটি প্রতিষ্ঠানের সার্টিফিকেশন স্কিম

ইনফরমেশন টেকনোলজীর (আইটি) ব্যবসায় যে সব সিঙ্গাপুরের প্রতিষ্ঠান আন্তর্জাতিক পর্যায়ে জড়িত তাদের সবাই এখন থেকে একটা জাতীয় সার্টিফিকেশন স্কিমের আওতায় আসতে হবে।

ISO 9000 মানের স্তরে এই মান নিয়ন্ত্রণ সার্টিফিকেট প্রদান করবে সিঙ্গাপুর ইন্সটিটিউট অফ স্ট্যান্ডার্ডস এ্যাণ্ড ইণ্ডাষ্ট্রিয়াল রিসার্চ এবং ন্যাশনাল কমপিউটার বোর্ড। এই স্কিম বাস্তবায়নে প্রয়োজনীয় উপদেশ ও প্রশিক্ষণ দেবে বৃটিশ ষ্ট্যাণ্ডার্ড ইন্সটিটিউশন একটি সহায়তা কর্মসূচীর আওতায়।

নভেম্বর থেকে আগামী বছরের মার্চ পর্যন্ত সাতটি সফটওয়্যার উদ্ভাবন এবং সিস্টেম ইন্টেগ্রেশন প্রতিষ্ঠানের মান নিশ্চিতকরণ পরীক্ষা করা হবে সার্টিফিকেশনের জন্য।

ISO 9000 সিরিজ হচ্ছে বিশ্বব্যাপী ৫২টি দেশে বলবৎ মান ব্যবস্থাপনা পদ্ধতির জন্য এক গুচ্ছ আন্তর্জাতিক ষ্ট্যাণ্ডার্ড। ইউরোপীয় গোষ্ঠিভুক্ত ১৬টি দেশ, যুক্তরাষ্ট্র ও জাপান রয়েছে এর মধ্যে। সফটওয়্যার ও আইটির সংক্রান্ত রপ্তানীর সাথে জড়িত বা ইচ্ছুক যে কোন প্রতিষ্ঠানের এই আন্তর্জাতিক ষ্ট্যাণ্ডার্ড পালন অত্যাবশ্যক। ১৯৯১ সালে বৃটেনে প্রায় ১২০০০ কোম্পানী এই ষ্ট্যাণ্ডার্ড সনদ লাভ করে এবং প্রতি বছরে এই প্রতিষ্ঠানের সংখ্যা ৩০০০ করে বাড়ছে।

সিঙ্গাপুরের আইটি রপ্তানীকারকদের ISO 9000 সার্টিফিকেশন সম্পর্কে অবহিত করানোর লক্ষ্যে ইনফরমেশন টেকনোলজী ইন্সটিটিউট অফ সিঙ্গাপুর নভেম্বরের গোড়ায় ISO 9000 ওপর একটা সেমিনারের আয়োজন করে। ✻


**মাসিক কমপিউটার জগৎ-এর গ্রাহক হবার জন্য বার্ষিক রেজিষ্ট্রি ডাকে দুইশত টাকা, ষাম্মাসিক রেজিষ্ট্রি ডাকে একশত টাকা মানি অর্ডার, চেক, ব্যাংক ড্রাফট-এ "কমপিউটার জগৎ" নামে ১৪৬/১ আজিমপুর রোড, ঢাকা - ১২০৫ এই ঠিকানায় পাঠাতে হবে।**



**LARGEST AND OLDEST COMPUTER CENTRE IN MIRPUR**

***OFFERS FOLLOWING SPECIAL COMPUTER COURSES***

1. Data Entry Operator's course (WS, dBASE, LOTUS WP &DOS)
   Duration : 2 Mths 15 dys — Classes : 5 days/ week
   Fee : Tk. 2000/-
2. Secretarial Course with Computer ( WS, WP & DOS)
   Duration : 2 Months — Classes : 3 days/ week
   Fee : Tk. 2000/-
3. Programmer's Course ( dBASE , Fox BASE & etc.)
   Duration : 2 Months — Classes : 3 days/ week
   Fee : Tk. 2000/-
4. Programming in TURBO 'C'
   Duration : 2 Months — Classes : 3 days/ week
   Fee : Tk. 2000/-

Normal Courses :

| | | | |
|---|---|---|---|
| Wordstar 4 &5 | Tk. 600/- | dBASE III+ | Tk.800/- |
| Lutus 1-2-3 | Tk.800/- | WordPerfect5.1 | Tk.1000/- |
| BASI | Tk.1500/- | FORTRAN | Tk.2000/- |
| Quatro | Tk.2000/- | SPSS PLUS | 3000/- |

CONTACT IMMEDIATELY :

**ICMS**

**Computer Training Centre**

**A Project of DETOSEARCH**

Mirpur 10- B, Avenue 1/ Plot 3
Dhaka- 1221, Phone : 802458, 802763

***(Group from NGO's , Banking Instutes , Social Authorities, Govt.Organizations are prefered. Discount are available for Froup of 8 or 16***

Dedicated Trainer in Software & Hardware Since 1989



**ANANTA JOTI**

**COMPOSE**

**&**

**LASER PRINTING**

**ALSO**

**For Sales , Rent ,Services & Data Entry**

Please Call 815445 / 814253

TOP OF THE TIME . . .

ANANTA JOTI GROUP :
- M/S ANANTA JOTI ( COMPUTER & GENERAL SUPPLIERS)
- M/S ANANTA JOTI MULTIMETALS (TV. ANTENNA & PLASTIC GOODS)
- M/S ANANTA JOTI SECURITY ( PRIVATE SECURITY, GARDENER & LABOUR )

HEAD OFFICE : Baitush Sharaf Mosque, 149/A, Airport Road, Dhaka - 1215, Bangladesh .

BRANCH OFFICE : Lion Shopping Centre, 73, Airport Road (2nd Floor), Dhaka.